

# যুগান্তর

## পরিপ্রবিতে শিক্ষার্থীদের পরীক্ষার হলে ঢুকতে ছাত্রলীগের বাধা

পরিপ্রবি প্রতিনিধি

২৮ আগস্ট ২০২৩, ০০:০০:০০ | প্রিন্ট সংস্করণ

পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (পরিপ্রবি) একাডেমিক ভবনে তালা ঝুলিয়ে দেওয়া হয়েছে। এতে পরীক্ষার হলে ঢুকতে বাধার সম্মুখীন হয়েছেন পরীক্ষার্থীরা। রোববার দুপুর দেড়টায় কৃষি অনুষদ ভবনে প্রথম দফায় তালা ঝুলিয়ে দেন বেশ কয়েকজন ছাত্রলীগের নেতাকর্মী। এ সময় প্রক্টর এসে তালা ভেঙে একাডেমিক ভবনের ফটক খুলে দেন। এর দশ মিনিট পর আবারও ছাত্রলীগের নেতাকর্মীরা দ্বিতীয় দফায় তালা ঝুলিয়ে দেন। এর কিছুক্ষণ পরে ঘটনাস্থলে হাজির হন পরিপ্রবি শাখা ছাত্রলীগের সভাপতি আরাফাত ইসলাম খান সাগর ও সাধারণ সম্পাদক মেহেদী হাসান তারেক। তারাও একাডেমিক ভবনের প্রধান ফটক আটকে রেখে নেতাকর্মীদের সামনে বক্তৃতা করেন।

পরে সাংবাদিকদের সামনে দেওয়া এক বক্তব্যে পরিপ্রবি শাখা ছাত্রলীগের সভাপতি ও সাধারণ সম্পাদক বলেন, এটি সাধারণ শিক্ষার্থীদের আন্দোলন। তাদের দাবি আদায়ে ছাত্রলীগ প্রশাসনের সঙ্গে কথা বলবে। এ ঘটনায় চরম বিপাকে পড়েন সেমিস্টার ফাইনাল পরীক্ষায় অংশ নিতে আসা শিক্ষার্থীরা। পরীক্ষার হলে ঢুকতে না পেরে তারা একাডেমিক ভবনের সামনে অপেক্ষা করতে থাকেন। পরীক্ষা নিতে আসার শিক্ষক ও কর্মচারীদেরও খাতা হাতে দাঁড়িয়ে থাকেন। বেলা ২টায় পরীক্ষা শুরু হওয়ার কথা থাকলেও ওই সময়ে পরীক্ষার্থীদের হলে প্রবেশ করতে দেওয়া হয়নি।

আন্দোলনকারীদের সঙ্গে কথা বলে জানা যায়, তাদের দেওয়া ১৩ দফা দাবি প্রশাসন এখনও মেনে না নেওয়ায় একাডেমিক ভবনের তালা দিয়েছেন তারা। বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অধ্যাপক ড. সন্তোষ কুমার বসু বলেন, এ ঘটনায় উপাচার্যের সঙ্গে কথা বলে পরবর্তী করণীয় সম্পর্কে ঠিক করবেন তারা।

উপাচার্য অধ্যাপক ড. স্বদেশ চন্দ্র সামন্ত যুগান্তরকে বলেন, পরীক্ষার হলে ঢুকতে যারা বাধা দিয়েছে তাদের শোকজ করে আইন অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে।

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, ৱিপোৰ্টিং : ৯৮২৩০৭৩, ৰিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সাকুৰ্লেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সৰ্বস্বত্ব স্বত্বাধিকাৰ সংৰক্ষিত

এই ওয়েবসাইটেৰ কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যৱহাৰ বেআইনি।

Developed by [The Daily Jugantor](#) © 2023

